

রা.বিতে উত্তেজনা

৩ ছাত্রদল কর্মীকে
পিটিয়েছে ছাত্রশিবির

বিশ্ববিদ্যালয় সর্বোদ্যোগে, রাজশাহী : শিবির ক্যাডাররা ছাত্রদলের তিন কর্মীকে বেধড়ক পিটিয়েছে। ঘটনাটি বুধবার গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের ড. শামসুজ্জাহা হলে ঘটে। এ নিয়ে উভয় সংগঠনের নেতা-কর্মীদের মধ্যে চরম উত্তেজনার সৃষ্টি হয়েছে। ছাত্রদলের এক নেতা বিচার চেয়েছে শিবির নেতাদের কাছে। আরেক নেতা ঘটনার বিচার চেয়ে প্রশাসনের কাছে লিখিত আবেদন জানিয়েছে। প্রশাসন বলেছে, তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

জানা গেছে, বুধবার রাত ১১টায় সময় শামসুজ্জাহা হল শিবির সভাপতি হামিদ ছাত্রদল কর্মী আশরাফ, মিঠু ও

শহিদুলসহ চারজন মিলে ১১৫ নম্বর কক্ষে বসে তাস খেলছিল। এটা দেখে শিবির নেতা হামিদ তাদের ডেকে নিয়ে যায় তার ২৫০ নম্বর কক্ষে। শিবির নেতা হামিদ ছাত্রদল নেতাদের সিগারেট পান করা ও তাস খেলার অপরাধে প্রথমে কান ধরে উঠবস করিয়ে চড়াপল্লড় মারে। পরে সাক্ষির ও মাহাবুব নামে আরও দুই শিবির কর্মী হামিদের কক্ষে আসে। এরপর তারা লোহার রড দিয়ে ছাত্রদল কর্মীদের বেধড়ক পেটায়। এতে আশরাফ ও মিঠু অজ্ঞান হয়ে পড়ে। ভোগ রাতে তাদের জ্ঞান ফিরলে শিবির নেতারা ঘটনা কভিকে না জানানোর জন্য উদ্ভীতি ও হুমকি দেন।

কিন্তু সকাল হতে না হতেই বিষয়টি জানাজানি হয়ে যায়। এরপর ছাত্রদল নেতা আহম্মেদ মুসীদ শিমুল বিষয়টি শিবিরের বড় নেতাদের জানিয়ে ঘটনার প্রতিকার দাবি করেন। ছাত্রদলের অন্য নেতা আনোয়ার হোসেন উজ্জ্বল বিষয়টি বিশ্ববিদ্যালয় প্রশাসনকে লিখিতভাবে জানান। ছাত্র শিবিরের পক্ষ থেকে বলা হয়েছে, ছাত্রদল কর্মীরা হলে গাঁজা খাচ্ছিল। এজন্য হলের সাধারণ ছাত্ররা তাদের পিটিয়েছে।